# ২০২২

## চতুর্থ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

## পত্র : SEC-B-2

## (ব্যবহারিক বাংলা - ২)

## পূর্ণমান - ৮০

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) নীচের অসমাপ্ত গল্পসূত্রটিকে অবলম্বন করে অনধিক ৩০০ শব্দের মধ্যে একটি কাহিনি নির্মাণ করো।

নবম শ্রেণির একটি ছাত্র গল্প করতে করতে টিফিন খাচ্ছিল। হঠাৎ ছাত্রটির গলায় রুটির টুকরো আটকে যায়, শ্বাসকষ্ট শুরু, সবাই মিলে হাসপাতালে নিয়ে যায়, সারাদিন সংকটজনক অবস্থায় থেকে রাত্রি ১১টায় মৃত্যু হয়, চারপাশে শোকের ছায়া নেমে আসে। ১০

*অথবা,*

(খ) নীচের বিষয়টি অবলম্বনে কমবেশি ৩০০ শব্দে শিরোনামসহ একটি প্রবন্ধ রচনা করো। ১০

ছাত্রজীবন ও রাজনীতি।

২। (ক) বাংলা বানান সংস্কারে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) তৎসম শব্দের বানান সম্পর্কে পঃ বঃ বাংলা আকাদেমির নির্দেশগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

৩। (ক) নীচের গদ্যাংশটি রোমীয় লিপিতে লিপ্যন্তর করো। ১০

বিজ্ঞানচর্চার প্রসারের ফলে আমাদের দেশে মানুষের মনে বিজ্ঞান চেতনার সৃষ্টি হয়েছে। এখন মানুষ যুক্তির আলোকে সব কিছু বিচার করে। এর ফলে মানুষের মন থেকে ভ্রান্ত ধারণাগুলি অনেকটা দূর হয়ে যাচ্ছে।

*অথবা,*

(খ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা (IPA) কী? এই বর্ণমালার সুবিধা অসুবিধাগুলি সংক্ষেপে আলোচনা করো। ১০

৪। ***যে-কোনো ছয়টি*** বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫×৬

(ক) বাংলা বানানের যে-কোনো তিনটি প্রধান সমস্যা

(খ) বস্তুনিষ্ঠ প্রবন্ধ

(গ) গল্পে নীতিশিক্ষা

(ঘ) রোমীয় বর্ণমালার দুটি মূলনীতি

(ঙ) বাংলা বানান সংস্কারে রবীন্দ্রনাথের ভূমিকা

(চ) বিদেশি শব্দের বাংলা প্রতিবর্ণীকরণে পঃ বঃ বাংলা আকাদেমির নির্দেশ

(ছ) বাংলা বানানে 'ন' ও 'ণ' ব্যবহারে পঃ বঃ বাংলা আকাদেমি নির্দেশিত নিয়মবিধি

(জ) বাংলা বানানে 'ই'-কার ও 'ঈ'-কার ব্যবহারের ক্ষেত্রে পঃ বঃ বাংলা আকাদেমির নির্দেশ।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) বঙ্কিমচন্দ্রের একটি প্রবন্ধ গ্রন্থের নাম লেখো।

(খ) গল্পের উপাদানগুলি কী কী?

(গ) 'প্রবন্ধ' শব্দটির আক্ষরিক অর্থ কী?

(ঘ) পণপ্রথা বিরোধী রবীন্দ্রনাথের একটি গল্পের নাম লেখো।

(ঙ) 'পরীক্ষা' শব্দটি রোমীয় লিপিতে লেখো।

(চ) 'অ' এবং 'ঞ' ধ্বনি দুটি IPA-তে লেখো।

(ছ) 'চলন্তিকা' কী জাতীয় গ্রন্থ?

(জ) 'ঙ' এবং 'ং'-র মধ্যে 'ং' ব্যবহারের কথা বাংলা বানানবিধিতে বলা হচ্ছে— একটি উদাহরণ দাও।

(ঝ) বুদ্ধিজীবি/বুদ্ধিজীবী— কোনটি সঠিক লেখো।

(ঞ) শুদ্ধ বানান লেখো— গোলোন্দায।

(ট) কোনটি শুদ্ধ লেখো— নিরিবিলি / নিরীবীলি।

(ঠ) রোমীয় লিপিতে 'অধ্যাপক' শব্দটি লেখো।

(ড) ছাত্র শব্দটির IPA-তে লিপ্যন্তর করো।

(ঢ) রোমান হরফে বাংলা বর্ণমালা লেখার পক্ষপাতী কে ছিলেন?

(ণ) পঃ বঃ বাংলা আকাদেমি কবে প্রতিষ্ঠিত হয়?

(ত) সঠিক বানানটি লেখো— আর্য/আর্য্য।

(থ) বাংলা 'ঔ'-ধ্বনিটি রোমীয় বর্ণমালায় কীভাবে লেখা হয়?

(দ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় কয়টি 'স' ব্যবহৃত হয়?

(ধ) 'হারাণের নাতজামাই' গল্পটির লেখক কে?

(ন) কোন বানানটি সঠিক— ভৌগলীক/ভৌগোলিক।